মিরপুরে দিশা’র উদ্যোগে তামাকের বিকল্প ফসলের মাঠ দিবস অনুষ্ঠিত

কুষ্টিয়ার মিরপুরে তামাক চাষ নিয়ন্ত্রণে বিকল্প ফসল উৎপাদনে কৃষকদের নিয়ে দিশা’র মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে।

সোমবার দুপুরে মিরপুর উপজেলার বারুইপাড়া ইউনিয়নের তাঁতীবন্দ এলাকায় এ মাঠ দিবস অনুষ্ঠিত হয়।

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে ও স্বেচ্ছাসেবী আর্থ-সামাজিক উন্নয়ন ও মানবিক কল্যাণ সংস্থা ‘দিশা’র সমম্বিত কৃষি ইউনিটভুক্ত উদ্যোগে মিরপুরে তামাক চাষ নিয়ন্ত্রণে বিকল্প ফসল উৎপাদন ও বহুমুখী আয়ের উৎস সৃষ্টি প্রকল্পের আওতায় মাঠ দিবস অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

‘দিশা স্বেচ্ছাসেবী আর্থ-সামাজিক উন্নয়ন ও মানবিক কল্যাণ সংস্থা’র কারিগরী কর্মকর্তা কৃষিবীদ জিল্লুর রহমান, দিশা কৃষি অফিসের মাঠ পর্যায়ের কৃষি কর্মকর্তা এনামুল হক, শীতল হোসাইন, সহকারী প্রাণিসম্পদ মোঃ মোস্তাফিজুর রহমান মিলন, সাবেক মেম্বার আশাদুল ইসলাম ভুট্টোসহ স্থানীয় গণ্যমান্য ব্যাক্তিবর্গ ও কৃষি/কৃষাণীরা উপস্থিত ছিলেন।

বক্তারা বলেন, দিশা’র উদ্যোগে কয়েক বছর ধরে মিরপুর উপজেলায় বেশকিছু এলাকায় তামাকের পরির্বতে সরিষা, শস্য ও তৈলবীজ জাতীয় ফসল ও তরমুজসহ বিভিন্ন ফল বাগানে ও সবজি উৎপাদনে চাষবাদ করেছেন কৃষকেরা। আমার আশা একদিন তামাক চাষিরা তামাক চাষ ছেড়ে ফসল উৎপাদনে চলে আসবে। মাঠ দিবসে স্থানীয় কয়েক শত কৃষক কৃষাণী অংশগ্রহন করেন ।

দামুড়হুদা কার্পাসডাঙ্গায় আইএফআইসি ব্যাংকের উদ্বোধন

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা বাজারে তেল পাম্পের সামনে আইএফআইসি ব্যাংকের উদ্বোধন করা হয়েছে সোমবার সকাল ১০ টার দিকে।

সব ব্যাংকিং সেবা নিয়ে আই এফ আইসি ব্যাংক এখন আপনার দোরগোড়ায় এ শিরোনাম সামনে রেখে আইএফআইসি ব্যাংকের শুভ উদ্বোধন করা হয়।

উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আঃকরিম বিশ্বাস।

এসময় আরো উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা জনতা ব্যাংক শাখার ম্যানেজার মোজাফ্ফর হোসেন,কার্পাসডাঙ্গা বাজার দোকান মালিক সমিতির সভাপতি আলমগীর রাসেল,সাংগঠনিক সম্পাদক তুহিন আক্তার, আইএফ আইসি ব্যাংকের দর্শনা শাখার ম্যানেজার সোহরাব হোসেন ,অফিসার এস এম সাব্বির আহমেদ,কার্পাসডাঙ্গা ব্যাংক ইনচার্জ মাজহারুল ইসলাম,অফিসার রাকিব আহমেদ,সাংবাদিক আতিয়ার রহমান,মেহেদী হাসান মিলন,শরীফ রতন,সাজিবার মেম্বর,দেলোয়ারা খাতুন, আনেহার সহ এলাকার গন্যমান্য ব্যাক্তিবর্গ সহ বিভিন্ন ব্যাংক ও এনজিও সংস্থার কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

এসিল্যান্ড দবির উদ্দিন বদলে দিলেন কুষ্টিয়া ভূমি অফিসের সেবার চিত্র

হয়রানি অথবা সময় বাঁচানোর কথা বলে প্রায়ই তৃতীয় পক্ষ হিসেবে বিভিন্ন দালালের কাছে নিজের জমির বিষয়াদি গছিয়ে দিই। ফলশ্রুতিতে নিজের জমির কোনো ত্রুটি থাকলে সেটা জানা সম্ভব হয়না এবং জমি বিষয়ে সবসময়ই অজানা থেকে যায়। অজ্ঞতার এ দুষ্টুচক্র থেকে বের

হওয়া অত্যন্ত কঠিন। তাই নিজের জমির বিষয়ে যথাসম্ভব নিজে কার্যক্রম সম্পাদনের চেষ্টা করতে সকল ভুমি মালিককে অনুরোধ জানিয়েছেন কুষ্টিয়া সদর উপজেলা সহকারি কমিশনার (ভূমি) দবির উদ্দিন।

তিনি জানান, দালালেরা সবসময় অপপ্রচার করে যে টাকা ছাড়া কাজ হয় না ফাইল আটকে থাকে। এই অপপ্রচার না করলে তাদের অবৈধ আয় বন্ধ হয়ে যাবে। যেকোনো অপপ্রচার সম্পর্কে সচেতন হতে এবং হয়রানি বন্ধে যেকোন অভিযোগ থাকলে সরাসরি তিনি এসিল্যান্ডকে জানাতে তার মোবাইলে ০১৭৩০৪৭৩৬৩২) নাম্বারে যোগাযোগ করতেও অনুরোধ করেন তিনি।

সংশ্লিষ্টসুত্রে জানা যায়, ভূমি একজন মানুষের শ্রেষ্ঠ অবলম্বন। মানুষ তার সারাজীবনের সঞ্চয় দিয়ে একখন্ড ভূমি কিনে সেই ভূমির প্রশাসনিক রক্ষণাবেক্ষণের দায়িত্ব যদি যোগ্য হাতে না পড়ে তবেই বাড়ে জনভোগান্তি। ভূমি অফিসগুলোর দীর্ঘ দিনের জীর্ণতা আর দৈন্যতাকে পিছনে ঝেরে ফেলে নতুন উদ্যোমে ভূমি ব্যবস্থাপনা ও অফিস সিষ্টেম সংস্কারের ব্রত নিয়েই কাজ করে চলেছেন কুষ্টিয়া সদর উপজেলা সহকারি কমিশনার (ভূমি) দবির উদ্দিন। ইতিবাচক মনোভাব সম্পন্ন এই কর্মকর্তার কাছে সেবা প্রত্যাশীরা অনেক বেশি খুশী।

আমাদের দেশে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে জনগণের অভাব-অভিযোগই কেবল শোনা যায় নিত্য। তবে তাদের মাঝে ব্যতিক্রমও পাওয়া যায়। যারা নিজের ওপর অর্পিত দায়িত্ব নিষ্ঠার সঙ্গে পালন করে জনগণের আস্থা ও প্রিয় মানুষ হয়ে ওঠেন। হয়রানি থেকে মুক্তি দেন মানুষকে। নিজের সরকারি দপ্তরকে করে তোলেছেন জনবান্ধব।

যেখানে ভূমি অফিস মানেই ভোগান্তি, টাকার ছড়াছড়ি। সাধারণ মানুষের হয়রানি আর অসহায়তার জায়গা। সেখানে একটি স্বচ্ছ, ঘুষবিহীন ও জবাবদিহিতামূলক সেবাকার্যক্রম পাওয়ার ব্যবস্থা করেছেন দবির উদ্দিন। তার নেতৃত্বে কুষ্টিয়া সদর উপজেলা ভূমি অফিসের সব নৈরাজ্য দূর হয়ে সেখানে তৈরি হয়েছে আস্থার পরিবেশ।

বর্তমান এসিল্যান্ড যোগদানের পর থেকে তার ইতিবাচক মনোভাবের কারণে উপজেলা ভূমি অফিসের অন্যান্য কর্মকর্তা-কর্মচারিদের মধ্যে সেবা প্রদানের ক্ষেত্রে ইতিবাচক মনোভাব দেখা গেছে। জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে রয়েছে অভিযোগ বক্স ও নিয়মিত তদারকি ব্যাবস্থা এবং সরাসরি অভিযোগের ভিত্তিতে দ্রুত সমস্যা সমাধানকরন

কল করেও জানিয়ে দেয়া হয়। ইউনিয়ন ভূমি অফিসের কাজগুলোও মনিটরিং করা হয়ে থাকে।

এরআগে তিনি মাগুরা জেলার মহম্মদপুর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) হিসেবে দায়িত্ব পালন করেছেন।

কুষ্টিয়ার বোরো হাইব্রিড ধানের সমলয় চাষাবাদের উদ্বোধন

কুষ্টিয়ার কুমারখালি উপজেলায় বোরো হাইব্রিড ধানের সমলয় চাষাবাদের শুভ উদ্বোধন করা হয়েছে।

গতকাল দুপুরে উপজেলা কৃষি অফিসের আয়োজনে কুমারখালী উপজেলার আলাউদ্দিন নগর মাঠে রবি মৌসুমে ব্লক প্রদর্শনী স্থাপনের মাধ্যমে হাইব্রিড জাতের বোরো ধানের সমলয় চাষাবাদ-এর যান্ত্রিকী বোরো ধানের চারা রোপন শুভ উদ্বোধন করা হয়।

২০২২-২৩ অর্থ বছরের প্রণোদনা কর্মসূচির আওতায় এ কার্যক্রমের উদ্বোধন করেন কুষ্টিয়ার জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম।

এসময় তিনি বলেন, বাংলাদেশে চাষযোগ্য জমি দিন দিন কমছে এবং লোকসংখ্যা বাড়ছে। ক্রমবর্ধমান জনসংখ্যার খাদ্য চাহিদা মেটাতে হাইব্রিড ধান চাষের বিকল্প নেই।
তিনি আরও বলেন, হাইব্রিড ধান উৎপাদন পদ্ধতি উফশী ধানচাষ পদ্ধতির মতোই; তবে হাইব্রিড ধানচাষের ক্ষেত্রে বীজতলার জন্য বিশেষ যত্নবান হওয়া প্রয়োজন।

জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক কৃষিবিদ ড. হায়াত মাহমুদের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে ছিলেন কুমারখালী উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) বিতান কুমার মন্ডল, সিমিট বাংলাদেশ (ফরিদপুর) ফিল্ড অফিস কো-অর্ডিনেটর কৃষিবিদ মোহাঃ জাকারিয়া হাসান।

স্বাগত বক্তব্য প্রদান করেন কুষ্টিয়া জেলা কৃষি সম্প্রসারণ

অধিদপ্তররের অতিরিক্ত উপপরিচালক (শস্য) কৃষিবিদ মোঃ ওয়াহিদুজ্জামান সহ প্রগতিশীল কৃষক মোঃ হাফিজুর রহমান (লিয়াকত) বক্তব্য রাখেন।

জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক কৃষিবিদ ড. হায়াত মাহমুদ বলেন, ‘রাইস ট্রান্সপ্লান্টার’ বা চারা রোপণের যন্ত্র দিনে এক ঘণ্টায় ৩০জন কৃষকের সারা দিনের কাজ শেষ করা যাবে। এতে কৃষকের সময় ও শ্রম সাশ্রয় হবে, কৃষি উৎপাদনও বেশি হবে।

মেহেরপুরে আইন পেশায় ৫০ বছর পূর্ণ করায় নুরুল ইসলামকে ক্রেষ্ট প্রদান

আইন পেশায় ৫০ বছর পূর্ণ করায় এ্যাডভোকেট নুরুল ইসলামকে গোল্ডেন জুবিলী ক্রেষ্ট প্রদান করে মেহেরপুর জেলা আইনজীবী সমিতি।
সোমবার দুপুরে মেহেরপুর জেলা আইনজীবী সমিতির মিলনায়তনে তাঁকে এ ক্রেষ্ট তুলে দেওয়া হয়।

জেলা আইনজীবী সমিতির সভাপতি এ্যাড. মারুফ আহমেদ বিজন, সাধারণ সম্পাদক জিল্লুর রহমান, এ্যাড. মিয়াজান আলী, এ্যাড. ইয়ারুল ইসলাম. এ্যাড. আনোয়ার হোসেন, রোকেয়া বেগম, এ্যাড. আব্দুল্লাহ আল মামুন রাসেলসহ আইনজীবীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা আইনজীবী সমিতির

নবনির্মিত ভবন উদ্বোধন

মেহেরপুর জেলা আইনজীবী সমিতির নবনির্মিত ‘Meherpur District Lawyer’s Association Building’ এর উদ্ভোধন করা হয়েছে।

সোমবার দুপুরে ভবন উদ্বোধন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা আইনজীবী সমিতির সম্মানিত সভাপতি অ্যাডভোকেট মারুফ আহাম্মদ বিজন।

অনুষ্ঠান পরিচালনা করেন জেলা আইনজীবী সমিতির সম্মানিত সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এ কে এম জিল্লুর রহমান। নবনির্মিত ভবনের ফলক উন্মোচন করেন মেহেরপুর জেলা আইনজীবী সমিতির বিজ্ঞ সিনিয়র সদস্য জনাব অ্যাডভোকেট নুরুল ইসলাম।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ভবন নির্মাণ কমিটির সম্মানিত সদস্য সচিব অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, সিনিয়র সদস্য অ্যাডভোকেট মিয়াজান আলী, অ্যাডভোকেট আনোয়ার হোসেন, অ্যাডভোকেট কামরুল হাসানসহ আইনজীবী সমিতির বিজ্ঞ কার্য নির্বাহী কমিটির সদস্য বৃন্দ।

মেহেরপুরের সালাম ক্লিনিকের বিরুদ্ধে আদালতের স্বপ্রণোদিত মামলা

মেহেরপুরের দারুস সালাম ক্লিনিকের অপারেশন টেবিলে প্রসূতির মুত্যুর ঘটনায় মেহেরপুর প্রতিদিনে প্রকাশিত সংবাদ আমলে নিয়ে স্বপ্রণোদিত মামলা করেছেন আদালত।

আজ সোমবার মেহেরপুরের সিনিয়র জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট-১ম আদালতের বিচারক এস এম শরিয়তউল্লাহ স্বপ্রণোদিত এ মামলা করেন। যার নম্বর মিসকেস ০২/২০২৩।

মামলায় মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল)কে তদন্তের

নির্দেশ দিয়েছেন এবং ১৬ ফেব্রুয়ারির মধ্যে তদন্ত প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে। একই সঙ্গে মেহেরপুরের সিভিল সার্জনকে আগামী ৯ ফেব্রুয়ারির মধ্যে জেলার হাসপাতাল/ক্লিনিক/ডায়াগনস্টিক সেন্টারের তালিকা আদালতে জমা দেওয়ারও নির্দেশ দেওয়া হয়েছে।

আদালত মামলার নথিতে বলেছেন, সংবাদ দৃষ্টে দারুস সালাম ক্লিনিকে অপারেশনের সময় এক প্রসুতির মৃত্যু হয়েছে মর্মে দেখা যায়। এ ঘটনায় পরিবারের পক্ষ থেকে স্বাস্থ্য বিভাগে অভিযোগের প্রস্তুতি নিচ্ছে বলেও সংবাদে উল্লেখ করা হয়েছে। অর্থাৎ মৃত্যুর বিষয়টি স্বাভাবিক নয় মর্মে পরিবারের সন্দেহ করছে। এছাড়া সামাজিক যোগাযোগ মাধ্যমে ঘটনাটি নিয়ে ব্যাপক আলোচনা সমালোচনা চলছে। অপারেশনের সময়ে এনেস্থেসিয়োলোজিস্ট হিসেবে যে ডাক্তারের নাম উল্লেখ করা হয়েছে তিনি অপারেশনের সময় উপস্থিত ছিলেন না মর্মে বিভিন্ন মাধ্যমে সংবাদ প্রকাশিত হয়েছে। এটা সঠিক হয়ে থাকলে তা একটি গুরুতর আইনের লংঘন এবং ইচ্ছাকৃত অবহেলা যা শাস্তিযোগ্য অপরাধ। এই ঘটনায় বিষয়ে এখনও কোন আইনগত ব্যবস্থা গ্রহন করা হয়নি মর্মে আদালতের গোচরীভূত হয়েছে। এমতাবস্থায়, জনস্বার্থ ও ন্যায় বিচারের উদ্দেশ্যে পুরো ঘটনাটির বিষয়ে প্রশাসনিক তদন্তের পাশাপাশি একটি বিস্তারিত অনুসন্ধান হওয়া সমীচীন বলে আদালত মনে করে। সার্বিক বিবেচনায় The Code of Criminal Procedure, ১৮৯৮ এর ধারা ১৯০ (১) (গ) অনুযায়ী বিভিন্ন মিডিয়ায় প্রকাশিত উপর্যুক্ত সংবাদটি বিবেচনায় নিয়ে অতিরিক্ত পুলিশ সুপার, মেহেরপুর সদর সার্কেল (স্বয়ং)-কে উল্লিখিত বিষয়ে অনুসন্ধান পূর্বক প্রতিবেদন দাখিলের নির্দেশ প্রদান করা হলো। অনুসন্ধানকারী কর্মকর্তা তার প্রতিবেদনে অন্যান্য বিষয়ের সাথে আরো কয়েকটি প্রতিবেদন দিতে বলা হয়েছে। সেগুলো হলো; ক্লিনিকটির লাইসেন্স আছে কি-না?, যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ক্লিনিকটি অনুমোদিত হয়ে থাকলে সেটা নবায়নকৃত কি-না?, পরিবেশ অধিদপ্তর, ফায়ার সার্ভিসসহ সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের ছাড়পত্র/অনুমোদন আছে কি-না?, ক্লিনিকটিতে সার্বক্ষনিক ডাক্তার আছে কি-না?, অপারেশন পরিচালনাকারী ডাক্তারের সার্জারি ডিগ্রি ছিল কি-না?, অপারেশনের সময়ে এনেস্থেসিয়োলোজিস্ট হিসেবে কোন উপযুক্ত ডাক্তার উপস্থিত ছিলেন কি-না?, প্রি-এনেস্থেসেয়িটিকক চেক-আপসহ অপারেশনের জন্য নির্দিষ্ট মানদন্ড অনুসরন করা হয়েছিলো কি-না?, সহায়ক নার্সদের উপযুক্ত ডিগ্রি ছিল কি-না?

এছাড়া The Medical Practice and Private Clinics and

Laboratories (Regulation) Ordinance, [illegible], [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible], [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

হিসেবে সহযোগীতা করে বলেও জানান। কিন্তু ডা. শাহেদের সাথে কথা বলার চেষ্টা করা হলে তিনি ওই দিন ফোন রিসিভ করেন। পরদিন পত্রিকায় সংবাদ প্রকাশের পর ডা. শাহেদ এনেসথেসিয়া করেননি বলে মেহেরপুর প্রতিদিনের কাছে জানান, তবে তাকে লিখিত দেওয়ার কথা বলা হলেও তিনি লিখিত দেননি।

মুজিবনগরে ফেনসিডিলসহ কৃষি ব্যাংক কর্মকর্তা আটক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার ২ বোতল ফেন্সিডিলসহ মোস্তফা মনোয়ার (৩৭) নামের এক ব্যাংক কর্মকর্তাকে আটক করেছে পুলিশ। রবিবার দুপুর ১টার সময় গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানার এস আই উত্তম কুমার সঙ্গীয় ফোর্স নিয়ে দারিয়াপুর-শালিকা সড়কের পাশের একটি আমবাগানে অভিযান পরিচালনা করেন।

আটক মোস্তফা মনোয়ার কুষি ব্যাংকের দারিয়াপুর শাখার জেনারেল অফিসার হিসেবে দায়িত্বে রয়েছেন এবং রাজশাহীর পুঠিয়ার মর্তুজা রেজার ছেলে। তার বিরুদ্ধে আরও একটি মাদকের মামলা চলমান রয়েছে। সে মামলার কারণে তিনি সাময়িক বরখাস্ত হিসেবে রয়েছেন।
মুজিবনগর থানার এস আই উত্তম কুমার বলেন, দারিয়াপুর-শালিকা সড়কের ওই আমবাগানের ভিতর একজন ফেন্সিডিল নিয়ে অবস্থান করছে এমন সংবাদের ভিত্তিতে উমর ফারুকের আমবাগানে অভিযান পরিচালনা করি। এসময় পুলিশ দেখে মোস্তফা মনোয়ার পালিয়ে যাওয়ার চেষ্টা করলে পুলিশ তাকে আটক করে। এসময় তার নিকট থেকে মুখ খোলা অবস্থায় ২ বোতল ফেন্সিডিল ফেন্সিডিল উদ্ধার করা হয়। পরে তাকে মুজিবনগর থানা হেফাজতে নেওয়া হয়।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মেহেদী রাসেল বলেন, আটক ব্যাংক কর্মকর্তা মোস্তফা মনোয়ারের বিরুদ্ধে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে। বিকালে তাকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে। তার বিরুদ্ধে মেহেরপুর সদর থানাতেও মাদকের মামলা রয়েছে।

কৃষি ব্যাংক দারিয়াপুর শাখার ম্যানেজার জাকির হোসেন বলেন, গত বৃহস্পতিবার ও রবিবার মোস্তফা মনোয়ার (অফিসার জেনারেল) অফিসে আসেননি। আমি গ্রেফতারের বিষয়টি অবগত নয়। তবে তিনি ছুটিও নেননি বলে জানান। মাদকসহ আটকের বিষয়টি অফিসিয়ালি জানলে তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
ম্যানেজার আরো বলেন, তার বিরুদ্ধে আরো একটি মাদকের মামলা থাকায় তিনি সাময়িক বরখাস্ত হয়ে আছেন।

জীবননগরে উথলী ইউনিয়ন আওয়ামী লীগের বর্ধিত সভা

আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন কে সামনে রেখে জীবননগর উপজেলায় ১ নং উথলী ইউনিয়ন আওয়ামী লীগের বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রোববার বিকালে ৩ টায় উথলী ডিগ্রি কলেজ মাঠে এই বর্ধিত সভা অনুষ্ঠিত হয়।

বর্ধিত সভায় ইউনিয়ন ও ওয়ার্ড আওয়ামী লীগের নেতৃবৃন্দের সিদ্ধান্তে দলীয় মনোনয়নের জন্য ৪ জনের নাম চুড়ান্ত করা হয়। দলীয় মনোনয়নের জন্য উথলী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আব্দুল হান্নান,সাধারণ সম্পাদক মোবারক সোহেল আহম্মেদ প্রদীপ, ইউনিয়ন আওয়ামী লীগের সদস্য আবজালুর রহমান ধীরু ও ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক লিমন ফেরদৌস লিয়ন এর নাম উপজেলা আওয়ামী লীগের কাছে পাঠানো হয়েছে।

সভায় দল থেকে যাকে মনোনয়ন দিবে তার পক্ষে কাজ করার প্রতিশ্রুতি দেয় ইউনিয়ন ও ওয়ার্ড আওয়ামী লীগের নেতাকর্মীরা।

উথলী ইউনিয়ন আওয়ামী লীগের সিনিয়র সহসভাপতি দাউদ হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোবারক সোহেল আহম্মেদ প্রদীপ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা যুবলীগের সাবেক ভারপ্রাপ্ত সভাপতি আব্দুল মান্নান পিল্টু, ইউনিয়ন আওয়ামী লীগের আইন বিষয়ক সম্পাদক সালাউদ্দীন কাজল, সাংগঠনিক সম্পাদক মিজানুর রহমান,ওয়ার্ড আওয়ামী লীগের নেতা আবু জাফর,লুৎফর রহমান লুতু,আতিকুর রহমান আতিক,আবুল কালাম কলম,আলমগীর হোসেন, ওবাইদুর রহমান,আমিনুল ইসলাম, আবিদ হোসেন, ফরহাদ হোসেন, সাইফুল ইসলাম, সরফরাজ হোসেন সহ অনেকে।

রাষ্ট্রপতির নিকট থেকে দেশ সেরার পুরস্কার গ্রহন করলো হরিণাকুন্ডুর আইভি

জাতীয় শিশু পুরষ্কার ২০২০ ও ২০২১ সালের প্রতিযোগিতায় উচ্চাঙ্গসংগীত নজরুল গীতিতে ‘খ’ বিভাগে দেশ সেরা হওয়ায় হরিণাকুণ্ডুর শামীমা আক্তার আইভি কে স্বর্ণপদক (পুরস্কার) প্রদান করেণ রাষ্ট্রপতি অ্যাড.মো. আব্দুল হামিদ।

রবিবার (২৯জানুয়ারি) বিকালে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে এই পুরস্কার বিতরণ করা হয়।

পুরস্কার বিতরণ অনুষ্ঠানে রাষ্ট্রপতি পৃথিবীকে শিশুর নিরাপদ আশ্রয়স্থল হিসেবে গড়ে তুলতে এবং জাতি, ধর্ম, বর্ণ, ধনী-গরিব নির্বিশেষে সকল শিশুর ভেতর লুকায়িত পূর্ণ সম্ভাবনার উন্মেষ ঘটাতে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানান।

এসময় উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা। এই পুরস্কার বিতরণী অনুষ্ঠান বাংলাদেশ টেলিভিশনে সরাসরি সম্প্রচার করা হয়েছে। শামীমা আক্তার আইভি ঝিনাইদহ জেলার হরিণাকুণ্ডু উপজেলার পারফলসী গ্রামের সহকারী অধ্যাপক বাবুল আক্তার ও মেরিনা মেরি দম্পত্তির কন্যা এবং হরিণাকুণ্ডু সরকারী বালিকা বিদ্যালয়ের নবম শ্রেণীর ছাত্রী।